যুগান্তর

তারিখ SEP 25 2006
পৃষ্ঠা ১৬ কলাম ৪

## ইউজিসি চেয়ারম্যান বললেন

# বিতর্কিত ভিসিকে দিয়ে শাবি'র অচলাবস্থা অবসান সম্ভব নয়

রমা প্রসাদ বাবু, *সিলেট থেকে*

দীর্ঘ সাড়ে ৪ মাসের শাহজালাল বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা বিতর্কিত ভিসি ড. মুসলেহ উদ্দিন আহমদকে দিয়ে অবসান করা সম্ভব নয়। ভিসি অপসারণসহ ৪ দফা দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে গতকাল এক বৈঠকে ইউজিসি চেয়ারম্যান এ কথা বলেন। তিনি ছাত্রছাত্রীদের ভিসির প্রতি অনাস্থার সঙ্গে একমত পোষণ করে আগামী ২/১ দিনের মধ্যে সঙ্কট নিরসনের আশ্বাস দেন। কিন্তু ক্যাম্পাস চালু না হওয়া পর্যন্ত আন্দোলনে অনড় থাকার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষার্থীরা। পূর্ব ঘোষণানুযায়ী মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকরা শিক্ষক সমিতির সভা বর্জন করে ভিসি অপসারণের দাবিতে লাগাতার অবস্থান ধর্মঘট পালন করেছেন। ছাত্র সংগ্রাম পরিষদ লাগাতার ছাত্র ধর্মঘট অব্যাহত রেখে একই দাবিতে বিক্ষোভ মিছিল-সমাবেশ করেছে। বিতর্কিত ভিসি অপসারণ, প্রক্টরের প্রক্টর পদসহ সব পদ থেকে অব্যাহতি, শামীম হত্যার বিচার এবং সবার অংশগ্রহণে ক্যাম্পাস চালুর দাবিতে ছাত্রছাত্রীরা গতকাল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর এম আসাদুজ্জামানের সঙ্গে সাক্ষাৎ করেছে। আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে শিক্ষার্থীরা সকাল ১০টায় ঢাকা আইডিবি ভবনের সামনে মিলিত হয়ে র‌্যালি করে ইউজিসি কার্যালয়ে যায়। দুপুর ১২টা থেকে প্রায় ২ ঘণ্টাব্যাপী বৈঠকে চেয়ারম্যান গুরুত্ব ও আন্তরিকতা সহকারে শিক্ষার্থীদের বক্তব্য শোনেন। ইউজিসি চেয়ারম্যান বিতর্কিত ভিসির প্রতি অনাস্থা জানিয়ে ভিসি পরিবর্তনের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন। বিনা উস্কানিতে আন্দোলনরত ছাত্রছাত্রীদের ওপর প্রক্টরের নেতৃত্বে শিক্ষকদের হামলার তীব্র নিন্দা প্রকাশ করে বলেন, 'শিক্ষকদের এমন আচরণ হওয়া উচিত নয়।' ইউজিসি চেয়ারম্যান চ্যান্সেলর, শিক্ষামন্ত্রী এবং শিক্ষা প্রতিমন্ত্রীকে শাবি সম্পর্কে অবহিত করে আগামী ২/১ দিনের মধ্যে ক্যাম্পাসের অচলাবস্থা নিরসনের ইঙ্গিত করেন। তার এ আশ্বাসে নয় : পৃষ্ঠা ৭ : কলাম ৫

## নয় : সম্ভব

(১৬ পৃষ্ঠার পর)

শিক্ষার্থীদের মাঝে নতুন আশার আলো সঞ্চারিত হয়েছে।

শিক্ষার্থীরা দাবিগুলো লিখিতভাবে পেশ করে জানায়, নতুন ভিসি নিয়োগ হলে তাকে পূর্ণ সহযোগিতা করে দুর্গাপূজা, ঈদুল ফিতরের ছুটি এবং বিশ্ববিদ্যালয় বন্ধের দিনও ক্লাস পরীক্ষা দিতে রাজি আছে। বৈঠকে ছাত্রছাত্রীদের ১২ সদস্যদের প্রতিনিধি দলের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ছাত্র রফিক, জাহিদ, সানি, সজীব, হারুন, বিধান, আতিক, বাতেন, তাম্নি প্রমুখ উপস্থিত ছিল। আজ তারা দাবি আদায়ে ঢাকা জাতীয় প্রেস ক্লাবের সামনে বেলা ১১টায় ঘণ্টাব্যাপী অবস্থান ধর্মঘট ও মানববন্ধন কর্মসূচি পালন করবে।

এদিকে নির্যাতনবিরোধী শিক্ষার্থীরা ২০ সেপ্টেম্বর ভিসিপন্থী শিক্ষকদের হামলার প্রতিবাদে এবং প্রশাসনিক নির্যাতন বন্ধের দাবিতে হামলাকারী শিক্ষকদের হামলার ছবিসহ পোস্টার ছাপিয়েছে। পোস্টারগুলো বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় এবং ঢাকার বিভিন্ন দেয়ালে সাঁটানো হয়েছে। পোস্টারে প্রক্টর ড. সাজেদুল করিমকে সন্ত্রাসী উল্লেখ করে তার অপসারণ ও বিচার দাবি করা হয়। পাশাপাশি ভিসির অপসারণ, শামীম হত্যার বিচার এবং অচলাবস্থা নিরসনের কথা তুলে ধরা হয়। পোস্টারগুলো সবার দৃষ্টি আকর্ষণ করায় শিক্ষকদের নিয়ে নেতিবাচক মন্তব্য করেছেন অনেকে।